

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩


বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব হ্রাস পাওয়ায় অত্র বিশ্ববিদ্যালয়ের ০৩/১০/২০২১ইং তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৮১তম (জরুরী) সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে স্নাতকোত্তর ও স্নাতক পর্যায়ের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের সশরীরে ক্লাস ও আবাসিক হল খোলার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নলিখিত ছক অনুসারে পর্যায়ক্রমে আবাসিক হল খুলে দেওয়া এবং ক্লাস শুরু করা হবে।

বর্ষ	আবাসিক হল খোলার তারিখ	ক্লাস শুরুর তারিখ
স্নাতকোত্তর	২২/১০/২০২১ইং	২৫/১০/২০২১ইং
৪র্থ বর্ষ (স্নাতক)	২২/১০/২০২১ইং	২৫/১০/২০২১ইং
৩য় বর্ষ (স্নাতক)		
২য় বর্ষ (স্নাতক)	০৫/১১/২০২১ইং	০৭/১১/২০২১ইং
১ম বর্ষ (স্নাতক)		

উল্লেখ্য যে, কোভিড-২০১৯ ভ্যাকসিন এর প্রথম ডোজ গ্রহণ করেছে এমন শিক্ষার্থীদের আবাসিক হলে প্রবেশ করতে দেয়া হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ে সশরীরে শিক্ষা কার্যক্রম চালু হওয়ার পরে অনলাইনে কোন পরীক্ষা বা ক্লাস নেয়া যাবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


রেজিস্ট্রার


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৭২০/১০

তারিখঃ ০৬/১০/২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সংরক্ষণ নথি।


০৫/১০/২১
(মোঃ মনিরুজ্জামান)
সহকারী রেজিস্ট্রার